# বাংলাদেশ জুট মিলস্ করপোরেশন

আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা
প্রসিডিং বিভাগ।

স্মারক নং ২৪.০৪.০০০০.২০৭.২১.১২৭.২৬-২৩

তারিখঃ ১৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০১ মার্চ ২০২৬ খ্রি.

বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন আমিন জুট মিলস্ লিঃ এর ব্যবস্থাপক (প্রশাসন) জনাব মোঃ আব্দুল্লাহ্ আল-মামুন এর বিরুদ্ধে বাংলাদেশ জুট মিলস্ করপোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৯০ অনুযায়ী প্রসি/বিঃমাঃ ১২৭ (আমিন)/২৬ নং বিভাগীয় মামলা রুজুকরণ।

## অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোঃ আব্দুল্লাহ্ আল-মামুন, ব্যবস্থাপক (প্রশাসন), আমিন জুট মিলস্ লিঃ, ষোলশহর, চট্টগ্রাম আপনার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গিয়েছে যে, আপনি বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) এ ব্যবস্থাপক (৫ম গ্রেড) পদে চাকুরীর জন্য বিজেএমসি কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করেন। পরবর্তীতে আপনি চূড়ান্তভাবে নিয়োগপ্রাপ্ত না হওয়ায় ব্যক্তিগতভাবে বিভিন্ন সময়ে বিভিন্ন বিষয়ে পত্রযোগে বিভ্রান্তিকর তথ্য প্রাপ্তির আবেদন করে বিসিক কর্তৃপক্ষকে হেয় প্রতিপন্ন করেন। যার ফলে বিসিক কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য বিজেএমসি কর্তৃপক্ষকে অনুরোধ জানায়। আপনার এহেন কার্যকলাপে বিজেএমসি কর্তৃপক্ষ বিব্রতকর পরিস্থিতির সম্মুখীন হয়। এ বিষয়ে কারণ দর্শানোর জবাবে আপনি ভুল তথ্য উপস্থাপন করে কর্তৃপক্ষকে চ্যালেঞ্জ করেন; এবং

২) যেহেতু, আপনি বিসিকে নিয়োগপ্রাপ্তদের লিখিত ও মৌখিক পরীক্ষার প্রাপ্ত নম্বর, অভিজ্ঞতাসহ অন্যান্য তথ্য চেয়ে বিসিক কর্তৃপক্ষ বরাবর আবেদন করেন এবং বিজেএমসি হতে নিয়োগপ্রাপ্ত ০২(দুই) জন কর্মকর্তাকে অসাধু পথ অবলম্বন করে নিয়মবহির্ভূত নিয়োগ প্রদান করেছে মর্মে অভিযোগ আনায়ন করেন। এমনকি আপনাকে ব্যবস্থাপক (৫ম গ্রেড) পদে নিয়োগ প্রদানপূর্বক বকেয়া বেতন-ভাতাদি এবং অন্যান্য আনুসঙ্গিক সকল প্রকার সুযোগ সুবিধা প্রদানের জন্য বিসিক কর্তৃপক্ষের নিকট আবেদন করেন। আপনি সরকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকা সত্ত্বেও যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ব্যতিত ব্যক্তিগতভাবে সরাসরি আবেদন পেশ করেন, যা বাংলাদেশ জুট মিলস্ করপেরেশেনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯০ এর প্রবিধি ৩৮(৩) অনুযায়ী চাকুরীর আচরণ ও শৃঙ্খলা ভঙ্গ জনিত অপরাধ; এবং

৩) যেহেতু, আপনি গত ১১/১২/২০২৫ খ্রি. তারিখের কারণ দর্শানো নোটিশের জবাবে নিয়োগ প্রক্রিয়া, নিয়োগ পরীক্ষার ফলাফল, অন্যান্য পরীক্ষার্থীদের লিখিত পরীক্ষার প্রাপ্ত নম্বর, নিয়োগ প্রার্থীদের অভিজ্ঞতা, বিজেএমসি হতে ২জন কর্মকর্তার নিয়োগ সংক্রান্ত তথ্যাদি তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৬ অনুযায়ি জনস্বার্থে প্রকাশযোগ্য মর্মে উল্লেখ করেন, অথচ উক্ত আইনে এ ধরণের তথ্য প্রকাশের সুস্পষ্ট কোন উল্লেখ নেই। আপনি বিরক্তকর, মিথ্যা ও অসার অভিযোগ সম্বলিত আবেদন পেশ করেন যা বাংলাদেশ জুট মিলস্ করপোরেশেনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯০ এর প্রবিধি ২(ক) অনুযায়ী অসদাচরণের (misconduct) শামিল; এবং

৪) যেহেতু, আপনার উপরোক্ত কার্যকলাপসমূহ বাংলাদেশ জুট মিলস্ করপোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৯০ এর প্রবিধি ৩৯ (খ) অনুযায়ী অসদাচরণ এর পর্যায়ভুক্ত, যা শাস্তিযোগ্য অপরাধ।

৫) সেহেতু, বাংলাদেশ জুট মিলস্ করপোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯০ এর প্রবিধি ৩৯ (খ) অনুযায়ী অসদাচরণ এর দায়ে আপনাকে অভিযুক্ত করা হলো। উক্ত প্রবিধানমালার আলোকে উল্লিখিত অভিযোগে আপনার বিরুদ্ধে কেন উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ দর্শানোর নির্দেশ দেয়া হলো। আপনাকে আরো নির্দেশ দেয়া যাচ্ছে যে, প্রবিধি ৪৩ (১)(খ) মোতাবেক ১০(দশ) কার্যদিবসের মধ্যে আপনার আত্মপক্ষ সমর্থনে লিখিত বক্তব্য পেশ করবেন এবং আপনি যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন বা এই বিভাগীয় মামলায় আপনার পক্ষ সমর্থনে কোন সাক্ষ্য উপস্থাপন করতে চান তাও উল্লেখ করবেন। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে অভিযোগ আনয়ন করা হয়েছে তা আপনার জ্ঞাতার্থে এদতসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনানুযায়ী।

০১/০৩/২০২৬

(মোঃ মামনুর রশিদ)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা)
ও
মুখ্য পরিচালন কর্মকর্তার দায়িত্বে

জনাব মোঃ আব্দুল্লাহ্ আল-মামুন
ব্যবস্থাপক (প্রশাসন)
আমিন জুট মিলস লিঃ
ষোলশহর, চট্টগ্রাম।

[অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য]

অনুলিপিঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)[ই-মেইল যোগে]

১। মহাব্যবস্থাপক (প্রশাঃ ও সাঃ সেবা)/(হিসাব ও অর্থ), বিজেএমসি, ঢাকা।

২। মহাব্যবস্থাপক (প্রকল্প প্রধান), আমিন জুট মিলস লিঃ, চট্টগ্রাম।

৩। উপ-মহাব্যবস্থাপক (এমআইএস), বিজেএমসি, ঢাকা [সংস্থার ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

৪। অফিস কপি/মাষ্টার ফাইল।

০১/০৬/২০২৫